



# কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## অটোমেটিভ মেকানিক্স

### লেভেল - ২

#### মডিউলঃ স্টিয়ারিং সিস্টেম সার্ভিস ও মেরামত করা

(Module: Servicing and Repairing Steering System)

কোড: CBLM-OU-LE-AM-02-L2-BN-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: [ec@nsda.gov.bd](mailto:ec@nsda.gov.bd)

ওয়েবসাইট: [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটার বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

‘স্ট্রয়ারিং সিস্টেম সার্ভিস ও মেরামত করা’ সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত অটোমেটিভ মেকানিক্স লেভেল - ২ অকুপেশনের কম্পিউটার স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে অটোমেটিভ মেকানিক্স লেভেল - ২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অটোমেটিভ মেকানিক্স লেভেল - ২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।



## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। অটোমেটিভ মেকানিক্স এর অন্যতম ইউনিট হচ্ছে স্টিয়ারিং সিস্টেম সার্ভিস ও মেরামত করা। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবেন স্টিয়ারিং সিস্টেম মেরামত করতে পারবেন, হইল ব্যালেন্সিং সম্পন্ন করতে পারবেন, এবং টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবেন। একজন দক্ষ কর্মীর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শিট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।



----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।



## সূচিপত্র

কপিরাইট.....	ii
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা .....	iv
মডিউলের বিষয়বস্তু.....	০
<b>শিখনফল -১: স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবে.....</b>	<b>১</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা .....	৩
ইনফরমেশন শিট (Information Sheet): ১- স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা .....	৫
সেলফ চেক (Self Check)-১: স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা.....	১৯
উত্তরপত্র (Answer Key)-১: স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা .....	২০
জব-শিট (Job Sheet)-১.১: অস্বাভাবিক শব্দ ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ সম্পন্ন করা।.....	২১
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.১: অস্বাভাবিক শব্দ ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ সম্পন্ন করা। .....	২২
জব-শিট (Job Sheet)-১.২: স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করা.....	২৩
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.২: স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করা .....	২৪
জব-শিট (Job Sheet)-১.৩: পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের কম্পোনেন্ট সমূহকে পরীক্ষা করা।.....	২৫
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৩: পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা .....	২৬
জব-শিট (Job Sheet)-১.৪: স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করা। .....	২৭
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৪: স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করা।.....	২৮
জব-শিট (Job Sheet)-১.৫: ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করা.....	২৯
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৫: ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করা।.....	৩০
প্রয়োজনীয় পিপিই সমূহ .....	৩০
জব-শিট (Job Sheet)-১.৬: মাউন্টিং নাট ও বোল্ট, র‍্যাক বুট কভার, স্টিয়ারিং কলাম ও মোটর চেক করা।.....	৩১
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৬: মাউন্টিং নাট ও বোল্ট, র‍্যাক বুট কভার চেক করা।.....	৩২
জব-শিট (Job Sheet)-১.৭: (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করা।.....	৩৩
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৭: (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করা।.....	৩৪
<b>শিখনফল ২: স্টিয়ারিং সিস্টেম মেরামত করতে পারবে .....</b>	<b>৩৫</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ২: স্টিয়ারিং সিস্টেম মেরামত করা .....	৩৬
ইনফরমেশন শিট (Information Sheet) ২: স্টিয়ারিং সিস্টেম মেরামত করা.....	৩৭
সেলফ চেক (Self Check)- ২: স্টিয়ারিং সিস্টেম মেরামত করা.....	৪৪
উত্তরপত্র (Answer key)-২: স্টিয়ারিং সিস্টেম মেরামত করা .....	৪৫
জব শিট (Job Sheet)-২.১: পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি মেরামত করা .....	৪৬
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.১: পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি মেরামত করা। .....	৪৭
জব শিট (Job Sheet)-২.২ : ইপিএস এর কম্পোনেন্ট মেরামত ও প্রতিস্থাপন করা। .....	৪৮
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.২: ইপিএস এর কম্পোনেন্ট মেরামত ও প্রতিস্থাপন করা।.....	৪৯
প্রয়োজনীয় পিপিই সমূহ .....	৪৯
জব শিট (Job Sheet)-২.৩: র‍্যাক বুট কভার প্রতিস্থাপন করা.....	৫০
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.৩: র‍্যাক বুট কভার প্রতিস্থাপন করা।.....	৫১
জব শিট (Job Sheet)-২.৪: টিল্ট এবং টেলিস্কোপিক ফাংশন সিস্টেম সার্ভিস করা। .....	৫২
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ২.৪: টিল্ট এবং টেলিস্কোপিক ফাংশন সিস্টেম সার্ভিস করা.....	৫৩
<b>শিখনফল - ৩: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে। .....</b>	<b>৫৪</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে .....	৫৫
ইনফরমেশন শিট (Information sheet): ৩ টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা.....	৫৬
সেলফ চেক (Self Check) ৩: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা.....	৬২
উত্তরপত্র (Answer Key)-৩: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা.....	৬৩
জব শিট (Job Sheet)-৩.১ কাজ শেষে টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করণ।.....	৬৪
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) — ৩.১ কাজ শেষে টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করণ।....	৬৫
জব শিট (Job Sheet)-৩ .২ ওয়ার্কপ্লেনের বর্জ নিষ্কাশন করা। .....	৬৬
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) — ৩.২ ওয়ার্কপ্লেনের বর্জ নিষ্কাশন করা। .....	৬৭
<b>দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....</b>	<b>৬৮</b>



## মডিউলের বিষয়বস্তু

**ইউ ও সি শিরোনাম:** স্টিয়ারিং সিস্টেম সার্ভিস ও মেরামত সম্পন্ন করা।

**ইউ ও সি কোড:** OU-LE-AMech-02-L2-V1

**মডিউল শিরোনাম:** স্টিয়ারিং সিস্টেম সার্ভিস ও মেরামত সম্পন্ন করুন।

**মডিউলের বর্ণনা:** এই মডিউলটিতে স্টিয়ারিং সিস্টেম সার্ভিস ও মেরামত সম্পাদনের মৌলিক ধারণা ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কে অবহিত করা হয়েছে। এতে ব্যবহৃত স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা, স্টিয়ারিং সিস্টেম মেরামত করা, এবং টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করার প্রয়োজনীয় দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।

**নমিনাল সময়:** ২৫ ঘণ্টা।

**শিখনফল:** এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।

1. স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবে
2. স্টিয়ারিং সিস্টেম মেরামত করতে পারবে
3. টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া (Assessment Criteria):

1. অস্বাভাবিক শব্দ/স্বাঘিত ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ করতে সক্ষম হয়েছে
2. ত্রুটি সনাক্ত করতে স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করতে সক্ষম হয়েছে
3. পাওয়ার স্টিয়ারিং পাম্প, পাইপ, জয়েন্ট, টাই রড এন্ড, কানেকশন, বেল্ট, স্টিয়ারিং র‍্যাক ও হাইড্রোলিক পাওয়ার স্টিয়ারিং বক্সের ফ্লুয়িড লেভেল পরীক্ষা করতে সক্ষম হয়েছে
4. স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, (ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং) ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করতে সক্ষম হয়েছে
5. ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করতে সক্ষম হয়েছে
6. নিরাপত্তা নিশ্চিত করতে সমস্ত মাউন্টিং নাট ও বোল্ট পরীক্ষা করতে সক্ষম হয়েছে
7. র‍্যাক বুট কভার চেক করতে সক্ষম হয়েছে
8. স্টিয়ারিং কলাম ও মোটর চেক করতে সক্ষম হয়েছে
9. (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করতে সক্ষম হয়েছে
10. টিল্ট ও টেলিস্কোপিক সিস্টেম চেক করতে সক্ষম হয়েছে
11. প্রয়োজন অনুযায়ী টুলস ও ইকুইপমেন্ট নির্বাচন ও সংগ্রহ করতে সক্ষম হয়েছে
12. প্রয়োজন অনুযায়ী ম্যাটেরিয়াল ও কঞ্জিউমেবল নির্বাচন ও সংগ্রহ করতে সক্ষম হয়েছে
13. সেট স্ট্যান্ডার্ড অনুযায়ী স্টিয়ারিং সিস্টেমের ত্রুটিপূর্ণ কম্পোনেন্ট মেরামত/প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে
14. প্রয়োজনীয় ইপিএস এর বৈদ্যুতিক কম্পোনেন্ট ও সেন্সর মেরামত/প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে
15. প্রয়োজন অনুসারে র‍্যাক বুট কভার প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে
16. প্রয়োজন অনুযায়ী টিল্ট এবং টেলিস্কোপিক সিস্টেম সার্ভিস করতে সক্ষম হয়েছে
17. টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে সক্ষম হয়েছে
18. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে
19. কর্মক্ষেত্রের মান অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে

শিখনফল -১: স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করতে পারবে

<p>অ্যাসেসমেন্ট মানদণ্ড</p>	<ol style="list-style-type: none"> <li>১. অস্বাভাবিক শব্দ/স্বাধিত্ব ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ করতে সক্ষম হয়েছে।</li> <li>২. ত্রুটি সনাক্ত করতে স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করতে সক্ষম হয়েছে।</li> <li>৩. পাওয়ার স্টিয়ারিং পাম্প, পাইপ, জয়েন্ট, টাই রড এন্ড, কানেকশন, বেল্ট, স্টিয়ারিং র‍্যাক ও হাইড্রোলিক পাওয়ার স্টিয়ারিং বক্সের ফ্লুইড লেভেল পরীক্ষা করতে সক্ষম হয়েছে।</li> <li>৪. স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, (ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং) ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করতে সক্ষম হয়েছে।</li> <li>৫. ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করতে সক্ষম হয়েছে।</li> <li>৬. নিরাপত্তা নিশ্চিত করতে সমস্ত মাউন্টিং নাট ও বোল্ট পরীক্ষা করতে সক্ষম হয়েছে।</li> <li>৭. র‍্যাক বুট কভার চেক করতে সক্ষম হয়েছে।</li> <li>৮. স্টিয়ারিং কলাম ও মোটর চেক করতে সক্ষম হয়েছে।</li> <li>৯. (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করতে সক্ষম হয়েছে।</li> <li>১০. টিল্ট ও টেলিস্কোপিক সিস্টেম চেক করতে সক্ষম হয়েছে।</li> </ol>
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. সিবিএলএম</li> <li>৩. হ্যান্ডআউটস</li> <li>৪. ল্যাপটপ</li> <li>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭. ইন্টারনেট সুবিধা</li> <li>৮. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯. অডিও ভিডিও ভিভাইস</li> <li>১০. প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট</li> <li>১১. প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস ও কনজিউমেবলস</li> </ol>
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> <li>১. স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা পদ্ধতি</li> <li>২. পাওয়ার স্টিয়ারিং পাম্প, পাইপ, জয়েন্ট, টাই রড এন্ড, সংযোগ, বেল্ট, স্টিয়ারিং র‍্যাক ও হাইড্রোলিক পাওয়ার বক্সের ফ্লুইড লেভেল পরীক্ষা পদ্ধতি</li> <li>৩. ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা পদ্ধতি</li> <li>৪. র‍্যাক বুট কভার পরীক্ষা পদ্ধতি</li> <li>৫. স্টিয়ারিং কলাম ও মোটর পরীক্ষা পদ্ধতি</li> <li>৬. HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর পরীক্ষা পদ্ধতি</li> <li>৭. টিল্ট ও টেলিস্কোপিক পরীক্ষা পদ্ধতি</li> </ol>

<p>জব/ টাস্ক/এক্টিভিটি</p>	<ol style="list-style-type: none"> <li>১. অস্বাভাবিক শব্দ/স্বাধিত ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ করুন</li> <li>২. ত্রুটি সনাক্ত করতে স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করুন</li> <li>৩. পাওয়ার স্টিয়ারিং পাম্প, পাইপ, জয়েন্ট, টাই রড এন্ড, কানেকশন, বেল্ট, স্টিয়ারিং র‍্যাক ও হাইড্রোলিক পাওয়ার স্টিয়ারিং বক্সের ফ্লুয়িড লেভেল পরীক্ষা করুন</li> <li>৪. স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, (ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং) ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করুন</li> <li>৫. ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করুন</li> <li>৬. নিরাপত্তা নিশ্চিত করতে সমস্ত মাউন্টিং নাট ও বোল্ট পরীক্ষা করুন</li> <li>৭. র‍্যাক বুট কভার চেক করুন</li> </ol> <p>স্টিয়ারিং কলাম ও মোটর চেক করুন (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করুন</p>
<p>প্রশিক্ষণ পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. মাথাখাটানো (Brainstorming)</li> </ol>
<p>অ্যাসেসমেন্ট পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> <li>৮. পোর্ট ফোলিও (Port folio)</li> </ol>

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. নির্দেশিকা পড়ুন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১: স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেক্ষ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন <ul style="list-style-type: none"> <li>▪ জব শিট ১.১ অস্বাভাবিক শব্দ ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ সম্পন্ন করা।</li> <li>▪ স্পেসিফিকেশন শিট ১.১- অস্বাভাবিক শব্দ ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ সম্পন্ন করা।</li> <li>▪ জব শিট ১.২ - স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করা।</li> <li>▪ স্পেসিফিকেশন শিট ১.২ স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করা।</li> <li>▪ জব শিট ১.৩ - পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা।</li> <li>▪ স্পেসিফিকেশন শিট ১.৩ পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা।</li> <li>▪ জব শিট ১.৪- স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করা।</li> <li>▪ স্পেসিফিকেশন শিট ১.৪ স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করা।</li> <li>▪ জব শিট ১.৫ - ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করা।</li> <li>▪ স্পেসিফিকেশন শিট ১.৫- ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করা।</li> </ul>

	<ul style="list-style-type: none"><li>▪ জব শিট ১.৬- মাউন্টিং নাট ও বোল্ট, র‍্যাক বুট কভার চেক করা।</li><li>▪ স্পেসিফিকেশন শিট ১.৬- মাউন্টিং নাট ও বোল্ট, র‍্যাক বুট কভার চেক করা।</li><li>▪ জব শিট ১.৭- (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করা।</li><li>▪ স্পেসিফিকেশন শিট ১.৭- (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করা।</li></ul>
--	---


## ইনফরমেশন শিট (Information Sheet): ১- স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শিট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১ স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয়ে টেস্ট ড্রাইভিং সম্পন্ন করতে পারবে।
- ১.২ স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করতে পারবে।
- ১.৩ পাওয়ার স্টিয়ারিং পাম্প, পাইপ, জয়েন্ট, টাই রড এন্ড, সংযোগ, বেল্ট, স্টিয়ারিং র‍্যাক ও হাইড্রোলিক পাওয়ার বক্সের ফ্লুইড লেভেল পরীক্ষা করতে পারবে।
- ১.৪ ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করতে পারবে।
- ১.৫ র‍্যাক বুট কভার চেক করতে পারবে।
- ১.৬ স্টিয়ারিং কলাম ও মোটর চেক করতে পারবে।
- ১.৭ HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করতে পারবে।
- ১.৮ টিল্ট ও টেলিস্কোপিক সিস্টেম চেক করতে পারবে।

### ভূমিকা

মোটরগাড়ি চালানোর সময় প্রয়োজন অনুসারে মোটরগাড়ির দিক পরিবর্তনের প্রয়োজন হয়। স্টিয়ারিং সিস্টেমের সাহায্যে গাড়ির দিক নিয়ন্ত্রণ করা হয়। এই পদ্ধতিতে গাড়ির সামনের চাকা গুলিকে নির্দিষ্ট দিকে ঘুরিয়ে গাড়ির দিক নিয়ন্ত্রণ করে। এ সিস্টেমের সাহায্যে চালক তার সিটে বসা অবস্থাতেই অল্প শক্তি শক্তিতে গাড়ির দিক পরিবর্তন করতে পারে।



চিত্রঃ পাওয়ার স্টিয়ারিং সিস্টেম।


### স্টিয়ারিং সিস্টেমের ধরণ

- ম্যানুয়াল স্টিয়ারিং।
- হাইড্রোলিক পাওয়ার স্টিয়ারিং।
- ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং (ইপিএস)।
- হাইব্রিড স্টিয়ারিং।



## ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং

বৈদ্যুতিক পাওয়ার স্টিয়ারিং (EPS) সিস্টেমগুলি হাইড্রোলিক চাপের পরিবর্তে স্টিয়ারিংকে সহায়তা করার জন্য একটি বৈদ্যুতিক মোটর ব্যবহার করে। বৈদ্যুতিক মোটরটি সাধারণত স্টিয়ারিং কলাম বা স্টিয়ারিং র‍্যাকের সাথে সংযুক্ত থাকে হয়। ইপিএস সেন্সর এবং কন্ট্রোল ইউনিটের ইনপুটের উপর ভিত্তি করে পাওয়ার সহায়তা প্রদান করে যার ফলে মসৃণ এবং আরও দক্ষ ভাবে স্টিয়ারিংকে নিয়ন্ত্রণ করা যায়।



চিত্রঃ ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং সিস্টেম।

## হাইব্রিড স্টিয়ারিং সিস্টেমঃ

হাইব্রিড স্টিয়ারিং সিস্টেমগুলি কর্মক্ষমতা এবং দক্ষতা অপ্টিমাইজ করতে বিভিন্ন স্টিয়ারিং প্রযুক্তির উপাদানগুলিকে একত্রিত করে। উদাহরণস্বরূপ, কিছু যানবাহনে একটি বৈদ্যুতিক পাওয়ার স্টিয়ারিং সিস্টেম থাকতে পারে যা নির্দিষ্ট ড্রাইভিং অবস্থার জন্য হাইড্রোলিক পাওয়ার সহায়তার সাথে মিলিত হয়। হাইব্রিড সিস্টেম গাড়ির গতি, স্টিয়ারিং ইনপুট এবং ড্রাইভিং অবস্থার মতো বিভিন্ন কারণের উপর ভিত্তি করে পাওয়ার সহায়তার স্তরকে অভিযোজিত করে।



### চ. টেস্ট ড্রাইভিং এর সময় নিম্নোক্ত সমস্যাগুলো লক্ষ্য রাখা

ক. স্টিয়ারিং হইল ভাইব্রেশন: গাড়ি টেস্ট ড্রাইভের সময় লক্ষ্য রাখুন স্টিয়ারিং হইল ভাইব্রেশন হয় কিনা। যদি ভাইব্রেশন হয় তাহলে হইল ব্যালেন্স, হইল এলাইনমেন্ট ও সাসপেনশনের সমস্যা আছে।

খ. পুলিং ও ড্রিফটিং: গাড়ি চালানোর সময় লক্ষ্য রাখতে হবে গাড়ি পুলিং ও অযাচিত ড্রিফটিং হয় কিনা। যদি হয়ে থাকে তাহলে চাকার মিসএলাইনমেন্ট, টায়ারের অসমান ক্ষয় অথবা সাসপেনশনে সমস্যা আছে।

গ. স্টিয়ারিং এর রেসপন্স: স্টিয়ারিং এর রেসপন্স কেমন তা লক্ষ্য রাখুন। স্টিয়ারিং হইল এর ঘূর্ণনের সময় স্টিয়ারিং কেমন রেসপন্স করছে তা চেক করুন। যদি স্টিয়ারিং হতে সময় নেয় তাহলে স্টিয়ারিং সিস্টেমের সমস্যা আছে।

ঘ. নয়েজ এসেসমেন্ট: স্টিয়ারিং হতে কোনো অযাচিত শব্দ আসছে কিনা তা লক্ষ্য রাখুন। কোনো অযাচিত শব্দ হলে পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের সমস্যা আছে অথবা স্টিয়ারিং সিস্টেমের লুব্রিকেশন পর্যাপ্ত নেই।

### ১.২ স্টিয়ারিং রেক এবং পিনিয়নে এসেসমেন্ট চেক করা ও ত্রুটি নির্ণয়

ক) স্টিয়ারিং রেক এবং পিনিয়ন এর কম্পোনেন্টসমূহ চাক্ষুস পর্যবেক্ষণ করুন। কোনো লিকেজ, ড্যামেজ বা লুজ কানেকশন আছে কিনা তা চেক করুন।

খ) ইঞ্জিন অফ করে টাই রডের যে প্রান্ত স্টিয়ারিং নাকলে সাথে সংযুক্ত হয় সেই প্রান্ত শক্ত করে ধরে সাইড টু সাইড নাড়ানোর চেষ্টা করুন। যদি প্লে বেশী হয় তাহলে টাই রড প্রান্ত ক্ষয় হয়ে গেছে বা স্টিয়ারিং রেক এর বুশিং খারাপ আছে।

গ) রেক এন্ড পিনিয়ন এসেসমেন্টে কোনো লিক আছে কিনা তা পরীক্ষা করুন। ড্যামেজড রেক বা ফন্ট হওয়া সিল থাকলে স্টিয়ারিং ফ্লুইড লিক হতে পারে।

ঘ) স্টিয়ারিং গাড়ি স্থির অবস্থায় সম্পূর্ণ ডানে ও বামে ঘুরিয়ে লক্ষ্য করুন স্টিয়ারিং করতে কেমন শারিরিক শক্তি প্রয়োগ করতে হচ্ছে। যদি স্টিয়ারিং করতে বেশী শক্তির প্রয়োজন হয় তাহলে রেক এবং পিনিয়ন এর মধ্যে ইন্টারনাল ড্যামেজ থাকতে পারে।

ঙ) স্টিয়ারিং করার সময় কোনো অযাচিত নয়েজ বা শব্দ হচ্ছে কিনা তা লক্ষ্য করুন, যদি শব্দ হয় তাহলে রেক এন্ড পিনিয়নের অভ্যন্তরে ক্ষয় হতে পারে।

চ) স্টিয়ারিং ফ্লুইড চেক করুন। স্টিয়ারিং ফ্লুইড যদি ঘন কালো হয় ও ফ্লুইডে মেটালিক চূর্ণ থাকে তাহলে রেক এন্ড পিনিয়ন এসেসমেন্টে সমস্যা রয়েছে।



চিত্রঃ লিক হওয়া রেক ও পিনিয়ন এসেসমেন্ট।

১.৩ পাওয়ার স্টিয়ারিং পাম্প, পাইপ, জয়েন্ট, টাই রড এর প্রান্ত, কানেকশন, বেল্ট, স্টিয়ারিং রেক এবং ফ্লুইড লেভেল চেক করা:

১.৩.১ পাওয়ার স্টিয়ারিং পাম্প

ক. পাওয়ার স্টিয়ারিং পাম্পের অবস্থান বের করুন, পাওয়ার স্টিয়ারিং পাম্প সাধারণত ইঞ্জিনের ফ্রন্ট খ. সাইডে বেল্ট দ্বারা কানেক্টেড থাকে।

গ. পাওয়ার স্টিয়ারিং পাম্পের বডিতে কোথাও পাওয়ার স্টিয়ারিং ফ্লুইড লিকেজ হচ্ছে কিনা তা চেক করুন।

ঘ. পাম্পের হাউজিং এ কোনো ড্যামেজ বা ক্র্যাক আছে কিনা তা চেক করুন।

ঙ. পুলি এবং বেল্ট এর কন্ডিশন চেক করুন, পুলিতে কোনো ক্র্যাক বা ড্যামেজ চিহ্ন আছে কিনা তা চেক করুন এবং বেল্ট এর টেনশন চেক করুন।

চ. পুলির এলাইনমেন্ট ঠিক আছে কিনা চেক করুন।



চিত্রঃ পাওয়ার স্টিয়ারিং পাম্প চেক করা হচ্ছে।

১.৩.২ পাইপ চেক করাঃ

ক. পাইপে কোনো লিকেজ আছে কিনা তা চেক করুন।

খ. পাইপে কোনো ড্যামেজ আছে কিনা তা চেক করুন।

গ. পাইপের কানেকশন লুজ আছে কিনা চেক করুন।

ঘ. পাইপে মরিচা বা রাস্ট আছে কিনা তা চেক করুন।




চিত্রঃ পাইপ চেক করা হচ্ছে।

১.৩.৩ জয়েন্ট চেক করাঃ

ক. স্টিয়ারিং পাইপের জয়েন্ট এ কোনো লিক আছে কিনা তা চেক করুন।

খ. স্টিয়ারিং পাইপের জয়েন্ট এ কোনো ড্যামেজ আছে কিনা তা চেক করুন।



চিত্র: জয়েন্ট চেক করা হচ্ছে।

#### ১.৩.৪ টাই রডের প্রান্ত চেক করাঃ

- ক. টাই রডের রাবার বুট এ কোনো লিকেজ, ড্যামেজ, ক্র্যাক আছে কিনা তা চেক করুন।
- খ. টাই রড লুজ বা অত্যাধিক প্লে আছে কিনা তা চেক করুন।
- গ. টাই রডে কোনো ক্ষয়, ড্যামেজ, ক্র্যাক, বেন্ড আছে কিনা তা চেক করুন।



চিত্রঃ টাই রডের প্লে মুভমেন্ট চেক করা হচ্ছে।

#### ১.৩.৫ কানেকশন চেক করাঃ

- ক. স্টিয়ারিং এর প্রত্যেকটি কানেকশন এ লিক আছে কিনা তা চেক করুন।
- খ. স্টিয়ারিং কানেকশন সমূহতে কোনো বেন্ড, ড্যামেজ আছে কিনা চেক করুন।
- গ. প্রয়োজনীয় কানেকশন সমূহতে পর্যাপ্ত লুব্রিকেশন করা আছে কিনা তা চেক করুন।




চিত্র: কানেকশন চেক করা হচ্ছে।

#### ১.৩.৬ বেল্ট চেক: করাঃ

ক. বেল্ট লুজ আছে কিনা তা চেক করুন।

খ. বেল্ট এ কোনো ড্যামেজ বা ক্র্যাক আছে কিনা তা চেক করুন।



চিত্রঃ বেল্টের ত্বুটি পরীক্ষা করা হচ্ছে।

#### ১.৩.৭ স্টিয়ারিং রেক চেক করাঃ

ক. স্টিয়ারিং রেক এর রাবার বুট সমূহ চেক করুন কোনো লিকেজ বা ড্যামেজ আছে কিনা ।

খ. স্টিয়ারিং স্ফুইড লিক হচ্ছে কিনা তা চেক করুন।

গ. স্টিয়ারিং রেক এর উপর কোনো ড্যামেজ বা ক্র্যাক আছে কিনা তা চেক করুন।



চিত্রঃ স্টিয়ারিং রেক হাউজিং ।


### ১.৩.৮ ফ্লুইড লেভেলচেক করাঃ

ক. ফ্লুইড লেভেল ইঞ্জিন হট ও কোল্ড কন্ডিশনে মিনিমাম ও মেক্সিমাম লেভেলের মাঝামাঝি আছে কিনা চেক করুন।



max ———  
min ———  
HOT

max ———  
min ———  
COLD



চিত্রঃ পাওয়ার স্টিয়ারিং ফ্লুইড এর লেভেল চেক করা হচ্ছে।

### ১.৪ ইলেক্ট্রনিক পাওয়া স্টিয়ারিং (EPS) (স্টিয়ারিং এসেসলি এর ওয়্যারিং, ইলেক্ট্রনিক পাওয়া স্টিয়ারিং মডিউল, ই.পি. এস মোটর এবং ইলেক্ট্রিক কানেকশন এর ডায়গনোসিস) সংকেত এবং সেন্সর পরীক্ষা করা:

#### ১.৪.১ স্টিয়ারিং এসেসলি ওয়্যারিং চেক করাঃ

ক. ওয়্যারিং এর সকল কানেক্টর ও হার্নেস লুজ কানেকশন আছে কিনা তা চেক করুন।

খ. কোনো তার বা ওয়্যার ড্যামেজ আছে কিনা চেক করুন।

গ. ওয়্যারিং টেস্ট করার পূর্বে নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাটারী কানেকশন খুলে দিন।

ঘ. ওয়্যারিং নিয়ে কাজ করার সময় অবশ্যই নির্ধারিত ওয়্যারিং ডায়াগ্রাম সাথে রাখুন।

ঙ. মাল্টিমিটারে কন্টিনিউটি মোড এ সেট করুন এবং ওয়্যারিং এর কন্টিনিউটি চেক করুন, কোথাও শর্ট সার্কিট হয়েছে কিনা তা চেক করুন।

চ. প্রত্যেকটি কানেক্টর ঠিক আছে কিনা তা চেক করুন, কানেক্টরে ওয়্যার ঠিকভাবে লাগানো আছেন কিনা তা চেক করুন।

ছ. ই.পি. এস সিস্টেমের সেন্সর যেমন এঞ্জেল /টর্ক সেন্সর টেস্ট করুন, সেন্সর এর আউটপুট সঠিক আছে কিনা তা চেক করুন।

জ. ই.পি. এস সিস্টেমের প্রত্যেকটি কম্পোনেন্ট পর্যাপ্ত পাওয়ার সাপ্লাই পাচ্ছে কিনা তা ভোল্টমিটার দ্বারা চেক করুন।

ঝ. ই.পি. এস সিস্টেমের ওয়্যারিং ভোল্টমিটারের সাহায্যে গ্রাউন্ড চেক করুন।


ঞ. ডায়গোনিসিস টুলস এর সাহায্যে ডায়গোনিসিস কোড রিড করে সমস্যা নির্ণয় করুন।



চিত্রঃ ইলেক্ট্রনিক পাওয়ার স্টিয়ারিং এর ওয়্যারিং চেক করা হচ্ছে।

#### ১.৪.২ ইলেক্ট্রনিক পাওয়া স্টিয়ারিং (EPS) মডিউল:


- ক. ই.পি.এস মডিউলের সকল কানেক্টর ও হার্নেস লুজ কানেকশন আছে কিনা তা চেক করুন।
- খ. ই.পি.এস মডিউলের উপর কোনো ড্যামেজ আছে কিনা তা চেক করুন।
- গ. ডায়গোনিসিস টুলস এর সাহায্যে ই.পি.এস মডিউলের কোনো কমিউকিকেশন ফল্ট আছে কিনা তা চেক করুন, ই.পি.এস মডিউলের কোনো ফল্ট কোড আছে কিনা দেখুন।
- ঘ. ই.পি.এস মডিউলে পাওয়ার সাপ্লাই ঠিকমত হচ্ছে কিনা তা চেক করুন।
- ঙ. ই.পি.এস মডিউলের গ্রাউন্ড ঠিকমত হচ্ছে কিনা তা চেক করুন।



চিত্রঃ ইলেক্ট্রনিক পাওয়ার স্টিয়ারিং মডিউল।

#### ১.৪.৩ ইলেক্ট্রনিক পাওয়া স্টিয়ারিং (EPS) মোটর:

- ক. ই.পি.এস মোটরের ইলেক্ট্রিক্যাল লাইন সমূহ চেক করুন , লাইন বা কানেকশনে কোনো ড্যামেজ বা লুজ
- খ. কানেকশন আছে কিনা তা চেক করুন।
- গ. ডায়গোনিস্টিক টুলস এর সাহায্যে ই.পি.এস মোটরের কোনো ফল্ট কোড আছে কিনা তা চেক করুন।
- ঘ. ডায়গোনিস্টিক টুলসের সাহায্যে মোটর এর একচুয়েটর টেস্টিং করুন।
- ঙ. মোটর টেস্টিং এর সময় কোনো নয়েজ আসছে কিনা তা চেক করুন।




চিত্রঃ ইলেক্ট্রনিক পাওয়ার স্টিয়ারিং মোটর।

#### ১.৪.৪ কানেকশন:

- ক. সকল কানেকশন চেক করুন।
- খ. কানেকশন এ কোথাও লুজ আছে কিনা তা চেক করুন।
- গ. কানেকশন এ কোনো ড্যামেজ বা ক্র্যাক আছে কিনা তা চেক করুন।

#### ১.৪.৫ ইলেক্ট্রনিক পাওয়ার স্ট্রয়ারিং (EPS)সিস্টেমের এর সিগন্যাল ও সেন্সর চেকিং:

- ক. ই.পি.এস সিস্টেমের সমস্ত সেন্সর যেমন: স্ট্রয়ারিং এঞ্জেল সেন্সর, টর্ক সেন্সর, ভেহিকেল স্পিড সেন্সর
- খ. ইত্যাদির কানেকশন ঠিক আছে কিনা তা চেক করুন।
- গ. ডায়গনোস্টিক টুলসের সাহায্যে কোনো ফল্ট কোড আছে কিনা তা চেক করুন।
- ঘ. ডায়গনোস্টিক টুলসের লাইভ ডাটার সাহায্যে প্রত্যেকটা সেন্সর ঠিকমত ডাটা প্রদান করছে কিনা তা চেক করুন।
- ঙ. যদি সেন্সর সমূহের সিগন্যাল বা ডাটা সঠিক না হয় তাহলে সেন্সর পরিবর্তন করুন।



চিত্র: স্ট্রয়ারিং এঞ্জেল সেন্সর (ক), টর্ক সেন্সর (খ), ভেহিকেল স্পিড সেন্সর (গ)।

#### ১.৪.৬ ইলেক্ট্রনিক পাওয়ার স্ট্রয়ারিং (EPS)সিস্টেমের সকল মাউন্টিং নাট ও বোল্ট সমূহ চেক করা:

- ক. গাড়িকে একটি সমতল স্থানে পার্ক করুন।
- খ. ইঞ্জিন ও ইগনিশন অফ করুন।
- গ. ইঞ্জিন এর স্টার্ট অফ করার পর অন্তত পক্ষে ১৫ হতে ২০ মিনিট সময় দিন যাতে গাড়ির কম্পোনেন্ট সমূহ
- ঘ. সহনীয় তাপমাত্রায় চলে আসে অন্যথায় কাজ করার সময় শরীরে কোনো অঙ্গ পুড়ে যাওয়ার সম্ভাবনা বা অন্য কোনো দুর্ঘটনা ঘটার সম্ভাবনা আছে।
- ঙ. ইলেক্ট্রনিক পাওয়ার স্ট্রয়ারিং সিস্টেমের কম্পোনেন্ট সমূহ ইলেক্ট্রনিক কন্ট্রোল ইউনিট, ইলেক্ট্রিক মোটর, বিভিন্ন লিংকেজ, টাই রড এর কানেকশন পয়েন্ট ইত্যাদির নাট ও বোল্ট সমূহ চেক করুন।
- চ. রেঞ্চ ব্যবহার করে প্রত্যেকটি নাট ও বোল্ট ভালোভাবে চেক করুন, কোনো নাট বোল্ট লুজ, ড্যামেজ অথবা মিসিং আছে কিনা চেক করুন।
- ছ. নির্দিষ্ট ম্যানুফ্যাকচারার এর নির্দেশনা অনুযায়ী প্রত্যেকটি নাট বোল্ট টর্ক রেঞ্চ দ্বারা নির্দিষ্ট টাইটেনিং টর্কে টাইট করুন।



চিত্র: স্টিয়ারিং সিস্টেমের নাট বোল্ট চেক করা হচ্ছে।

#### ১.৫ স্টিয়ারিং রেক এর বুট কাভার চেক করা:

- ক. গড়িকে একটি সমতল স্থানে পার্ক করুন।
- খ. গাড়িকে লিফট বা হাইড্রোলিক জ্যাক ব্যবহার করে উচু করুন।
- গ. স্টিয়ারিং রেক এর বুট কাভার এর এরিয়া চেক করুন কোনো ফাটা, ড্যামেজ, ফ্র্যাক আছে কিনা।
- ঘ. বুটের অভ্যন্তরে সঠিকভাবে গ্রিজিং করা আছে কিনা তা চেক করুন।
- ঙ. বুট সঠিক ভাবে লাগানো আছে কিনা তা চেক করুন।



চিত্র: ফেটে যাওয়া স্টিয়ারিং রেক বুট



চিত্র: ভালো স্টিয়ারিং রেক বুট।

### ১.৬ স্টিয়ারিং কলাম এবং মোটর চেক করা:

- ক. ইন্টেরিয়র ইন্সপেকশন: ড্রাইভারের সিটে বসে স্টিয়ারিং হইল এর লুজনেস, অতিরীক্ত সাইড প্লে, সুখ টার্নিং আছে কিনা চেক করুন, গাড়ি সোজা রাস্তায় চলার সময় স্টিয়ারিং কি সেন্টার এ আছে কিনা তা চেক করুন।
- খ. আন্ডার হুড ইন্সপেকশন: হুড খুলে স্টিয়ারিং কলাম এর অবস্থান খুঁজে বের করুন। স্টিয়ারিং কলাম ও গ. স্টিয়ারিং রেক ও স্টিয়ারিং গিয়ার বক্স এর সংযোগ স্থলের এরিয়া ভালোভাবে চেক করুন কোনো ড্যামেজ, লিক, ক্র্যাক আছে কিনা।
- ঘ. স্টিয়ারিং শ্যাফট এ কোনো ড্যামেজ, রাস্ট আছে কিনা তা চেক করুন। ভালোভাবে স্টিয়ারিং শ্যাফট এর ইউনিভার্সাল জয়েন্ট সমূহে কোনো ক্ষয় আছে কিনা তা চেক করুন।
- ঙ. ইলেক্ট্রিক মোটরের গায়ে কোনো ড্যামেজ, ক্র্যাক আছে কিনা তা চেক করুন।
- চ. স্টিয়ারিং ঘুরিয়ে চেক করুন কোনো অযাচিত শব্দ বা নয়েজ আছে কিনা।
- ছ. ডায়গনোসিস টুলস এর সাহায্যে কোনো ফল্ট কোড আছে কিনা তা চেক করুন।




চিত্র: মরিচা পড়ে যাওয়া স্টিয়ারিং শ্যাফট।

### ১.৭ হাইব্রিড ভেহিকেল (HV) স্টিয়ারিং রেক ও মোটর চেক করা:

- ক. কাজ শুরু করার পূর্বে সেফটি প্রটেক্টিভ ইকুইপমেন্ট যেমন: ইনসুলেটেড গ্লোভস, সেফটি গগলস, ইউনিফর্ম পরিধান করুন।
- খ. পাওয়ার স্টিয়ারিং রেকে কোন ফ্লুইডে লিক আছে কিনা দেখুন।
- গ. ইঞ্জিন চালু অবস্থায় স্টিয়ারিং হইল ডানে ও বামে ঘুরিয়া ফ্রি প্লে, লুজনেস চেক করুন।
- ঘ. বাজে শব্দ এবং নয়েজ হচ্ছে কিনা চেক করুন।
- ঙ. মোটরের সংযোগ চেক করুন।
- চ. কোন অ্যালার্ম লাইট জলে আছে কিনা দেখুন।
- ছ. টেস্ট ড্রাইভের সাহায্যে মোটরের কার্যকারিতা দেখুন।
- জ. ডায়গনোসিস টুলসের সাহায্যে কোনো ফল্ট আছে কিনা কোড চেক করুন।

১.৮ টিল্ট এবং টেলিস্কোপিক সিস্টেম চেক করা:

- ক. গাড়িকে সমতল কোনো স্থানে পার্ক করুন।
- খ. ইঞ্জিন অফ করুন এবং নিরাপত্তা নিশ্চিত করতে ইগনিশন সুইচ রিমুভ করুন।
- গ. স্টিয়ারিং কলামের সাথে থাকা বাটন বা লিভারের সাহায্যে স্টিয়ারিং হইল কে এডজাস্ট করুন।
- ঘ. স্টিয়ারিং হইলকে ধীরে ধীরে আপ এবং ডাউন পজিশনে চেক করুন কোনো নয়েজ বা অযাচিত শব্দ হয় কিনা।
- ঙ. এডজাস্টমেন্ট এর পর গাড়িকে টেস্ট ড্রাইভ করুন ।



চিত্র: টিল্ট এবং টেলিস্কোপিক এডজাস্টমেন্ট

## সেলফ চেক (Self Check)-১: স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শিট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. স্টিয়ারিং সিস্টেমের কাজ কী?

**উত্তর:**

২. ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং সিস্টেম কী?

**উত্তর:**

৩. হাইড্রোলিক পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের কাজ কী?

**উত্তর:**

৪. স্টিয়ারিং সিস্টেমের বিভিন্ন কম্পোনেন্ট সমূহের নাম লিখুন।

**উত্তর:**

৫. টিল্ট এবং টেলিস্কোপিক সিস্টেম চেক করার পদ্ধতি লিখুন।

**উত্তর:**

## উত্তরপত্র (Answer Key)-১: স্টিয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা

১. স্টিয়ারিং সিস্টেমের কাজ কী?

**উত্তরঃ**

মোটরগাড়ি চালানোর সময় প্রয়োজন অনুসারে মোটরগাড়ির দিক পরিবর্তনের প্রয়োজন হয়। স্টিয়ারিং সিস্টেমের সাহায্যে গাড়ির দিক নিয়ন্ত্রণ করা হয়। এই পদ্ধতিতে গাড়ির সামনের চাকা গুলিকে নির্দিষ্ট দিকে ঘুরিয়ে গাড়ির দিক নিয়ন্ত্রণ করে। এ সিস্টেমের সাহায্যে চালক তার সিটে বসা অবস্থাতেই অল্প শক্তিতে গাড়ির দিক পরিবর্তন করতে পারে।

২. ইলেকট্রিক পাওয়ার স্টিয়ারিং সিস্টেম কী?

**উত্তরঃ**

বৈদ্যুতিক পাওয়ার স্টিয়ারিং (EPS) সিস্টেমগুলি হাইড্রোলিক চাপের পরিবর্তে স্টিয়ারিংকে সহায়তা করার জন্য একটি বৈদ্যুতিক মোটর ব্যবহার করে। বৈদ্যুতিক মোটরটি সাধারণত স্টিয়ারিং কলাম বা স্টিয়ারিং র‍্যাকের সাথে সংযুক্ত থাকে হয়। ইপিএস সেন্সর এবং কন্ট্রোল ইউনিটের ইনপুটের উপর ভিত্তি করে পাওয়ার সহায়তা প্রদান করে যার ফলে মসৃণ এবং আরও দক্ষ ভাবে স্টিয়ারিংকে নিয়ন্ত্রণ করা যায়।

৩. হাইড্রোলিক পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের কাজ কী?

**উত্তরঃ**

হাইড্রোলিক পাওয়ার স্টিয়ারিং পদ্ধতিতে হাইড্রোলিক পেশারকে কাজে লাগিয়ে চাকাকে ভেতরের দিকে টেনে অথবা বাহিরের দিকে ঠেলে গাড়ির দিক নিয়ন্ত্রণ করা হয়। যে সকল গাড়ির চাকা টানা বা ঠেলা চালকের একমাত্র শারীরিক শক্তি দ্বারা সম্ভব নয়, ঐ সকল গাড়িতে পাওয়ার স্টিয়ারিং ব্যবহার করা হয়। যেমন, ট্রাক, বাস, লড়ি ইত্যাদি। এছাড়াও হাইড্রোলিক ক্লাচ যুক্ত গাড়িতে এটির ব্যবহার সর্বাধিক কারণ একই হাইড্রোলিক পাম্প ও ফ্লুইডের সংযোগের মাধ্যমে এ সার্ভো সিলিন্ডারকে পরিচালনা করা সম্ভব।

৪. স্টিয়ারিং সিস্টেমের বিভিন্ন কম্পোনেন্ট সমূহের নাম লিখুন।

**উত্তরঃ**

- স্টিয়ারিং হইল।
- স্টিয়ারিং কলাম।
- স্টিয়ারিং গিয়ার বক্স।
- পিটম্যান আর্ম।
- ডাগলিং।
- রিলে আর্ম।
- ট্রাক রড।
- টাইরড।
- স্টিয়ারিং নাকল, ইত্যাদি।

৫. টিল্ট এবং টেলিস্কোপিক সিস্টেম চেক করার পদ্ধতি লিখুন।

**উত্তরঃ**

- ক. গাড়িকে সমতল কোনো স্থানে পার্ক করুন।
- খ. ইঞ্জিন অফ করুন এবং নিরাপত্তা নিশ্চিত করতে ইগনিশন সুইচ রিমুভ করুন।
- গ. স্টিয়ারিং কলামের সাথে থাকা বাটন বা লিভারের সাহায্যে স্টিয়ারিং হইল কে এডজাস্ট করুন।
- ঘ. স্টিয়ারিং হইলকে ধীরে ধীরে আপ এবং ডাউন পজিশনে চেক করুন কোনো নয়েজ বা অযাচিত শব্দ হয় কিনা।
- ঙ. এডজাস্টমেন্ট এর পর গাড়িকে টেস্ট ড্রাইভ করুন।

**জব-শিট (Job Sheet)-১.১: অস্বাভাবিক শব্দ ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ সম্পন্ন করা।**

**উদ্দেশ্য:** অস্বাভাবিক শব্দ ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ সম্পন্ন করতে পারবে।

**কাজের ধারাবাহিকতা:**

ধাপ ১- কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান করুন।

ধাপ ২- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন।

ধাপ ৩- টায়ার এর কন্ডিশন ও টায়ার প্রেসার ঠিক আছে কিনা তা নিশ্চিত করুন।

ধাপ ৪- স্টিয়ারিং হইল, পাওয়ার স্টিয়ারিং পাম্প, স্টিয়ারিং শ্যাফট, টাই রড, বল জয়েন্ট, স্টিয়ারিং রেক এ ড্যামেজ, লুজ কানেকশন কিনা তা চেক করুন।

ধাপ ৫- ইঞ্জিন স্টার্ট করুন এবং ৫ মিনিট আইডেল এ রেখে স্টিয়ারিং সিস্টেম ওয়ার্ম আপ করুন।

ধাপ-৬- গাড়ি স্থির অবস্থায় স্টিয়ারিং কে ডান ও বাম দিকে ঘুরিয়ে চেক করুন কোনো অযাচিত শব্দ আছে কিনা। স্টিয়ারিং ঘুরানোর সময় লক্ষ্য রাখুন স্টিয়ারিং ঘুরাতে কোনো বাধা অনুভব করছেন কিনা বা কোনো প্লে হচ্ছে কিনা।

ধাপ ৭- ইঞ্জিন স্টার্ট করুন এবং লো স্পিডে গাড়িকে এক্সেলেরেট করুন।

ধাপ ৮- গাড়ি টেস্ট ড্রাইভের সময় লক্ষ্য রাখুন স্টিয়ারিং হইল ভাইব্রেশন হয় কিনা।

ধাপ ৯- গাড়ি চালানোর সময় লক্ষ্য রাখতে হবে গাড়ি পুলিং ও অযাচিত ড্রিফটিং হয় কিনা।

ধাপ ১০- স্টিয়ারিং হইল এর ঘূর্ণনের সময় স্টিয়ারিং কেমন রেসপন্স করছে তা চেক করুন।

ধাপ ১১- স্টিয়ারিং হতে কোনো অযাচিত শব্দ আসছে কিনা তা লক্ষ্য রাখুন।

ধাপ ১২- গাড়িটিকে নির্দিষ্ট স্থানে পার্ক করিয়ে ইঞ্জিন বন্ধ করে রাখুন।

ধাপ ১৩- সকল পর্যবেক্ষণ লিপিবদ্ধ করে রাখুন।

ধাপ ১৪- মালামাল ও ওয়ার্কপ্লেস গুছিয়ে রাখুন।

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.১: অস্বাভাবিক শব্দ ও কম্পন যাচাই করতে বিভিন্ন ধরনের রাস্তায় টেস্ট ড্রাইভ সম্পন্ন করা।**

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রম	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	গাড়ি	ট্রেইনিং কার	সংখ্যা	০১
২	অয়েল ক্যান	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৩	টুল বক্স	স্ট্যান্ডার্ড	সেট	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ

ক্রম	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	কেরোসিন	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
২	লুব্রিকেটিং অয়েল	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
৩	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড	কেজি	প্রয়োজন অনুযায়ী

## জব-শিট (Job Sheet)-১.২: স্টিয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করা

**উদ্দেশ্য:** একটি পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের ত্রুটিসমূহ নির্ণয় করতে পারবে।

### কাজের ধারাবাহিকতা:

ধাপ ১- কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান করুন।

ধাপ ২- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন।

ধাপ ৩- গাড়িটি নিরাপদ স্থানে পার্ক করে পার্কিং ব্রেক দিয়ে রাখুন।

ধাপ ৪- স্টিয়ারিং রেক এবং পিনিয়ন এর কম্পোনেন্টসমূহ চাক্ষুস পর্যবেক্ষণ করুন। কোনো লিকেজ, ড্যামেজ বা লুজ কানেকশন আছে কিনা তা চেক করুন।

ধাপ ৫- ইঞ্জিন অফ করে টাই রডের যে প্রান্ত স্টিয়ারিং নাকলে সাথে সংযুক্ত হয় সেই প্রান্ত শক্ত করে ধরে সাইড টু সাইড নাড়ানোর চেষ্টা করুন।

ধাপ-৬- রেক এন্ড পিনিয়ন এসেম্বলীতে কোনো লিক আছে কিনা তা পরীক্ষা করুন।

ধাপ ৭- স্টিয়ারিং গাড়ি স্থির অবস্থায় সম্পূর্ণ ডানে ও বামে ঘুরিয়ে লক্ষ্য করুন স্টিয়ারিং করতে কেমন শারিরিক শক্তি প্রয়োগ করতে হচ্ছে।

ধাপ ৮- স্টিয়ারিং করার সময় কোনো অযাচিত নয়েজ বা শব্দ হচ্ছে কিনা তা লক্ষ্য করুন।

ধাপ ৯- স্টিয়ারিং ফ্লইড চেক করুন।

ধাপ ১০-সকল পর্যবেক্ষণ লিপিবদ্ধ করে রাখুন।

ধাপ ১১- কাজ শেষ হলে সকল সরঞ্জাম পরিষ্কার এবং সংরক্ষণ করুন।

ধাপ ১২-ওয়ার্কপ্লেস পরীক্ষার করে রাখুন।

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.২: স্ট্রয়ারিং র‍্যাক এবং পিনিয়ন অ্যাসেম্বলি পরীক্ষা করা  
প্রয়োজনীয় পিপিই সমূহ**

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

**প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস**

ক্রম	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	গাড়ি	ট্রেনিং কার	সংখ্যা	০১
২	সকেট রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৩	কম্পিনেশন রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৪	অয়েল ক্যান	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৫	টুল বক্স	স্ট্যান্ডার্ড	সেট	০১

**প্রয়োজনীয় কাচামাল সমূহ**

ক্রম	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	কেরোসিন	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
২	লুব্রিকেটিং অয়েল	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
৩	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড	কেজি	প্রয়োজন অনুযায়ী

## জব-শিট (Job Sheet)-১.৩: পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের কম্পোনেন্ট সমূহকে পরীক্ষা করা ।

**উদ্দেশ্য:** একটি পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের বিভিন্ন কম্পোনেন্ট সমূহকে পরীক্ষা করতে পারবে।

### কাজের ধারাবাহিকতা:

ধাপ ১- কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান করুন।

ধাপ ২- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন।

ধাপ ৩- পাওয়ার স্টিয়ারিং পাম্পের অবস্থান বের করুন।

ধাপ ৪-পাওয়ার স্টিয়ারিং পাম্পের বডিতে কোথাও পাওয়ার স্টিয়ারিং ফ্লুইড লিকেজ হচ্ছে কিনা তা চেক করুন।

ধাপ ৫-পাম্পের হাউজিং এ কোনো ড্যামেজ বা ক্র্যাক আছে কিনা তা চেক করুন।

ধাপ ৬-পুলি এবং বেল্ট এর কন্ডিশন চেক করুন, পুলিতে কোনো ক্র্যাক বা ড্যামেজ চিহ্ন আছে কিনা তা চেক করুন এবং বেল্ট এর টেনশন চেক করুন ।

ধাপ ৭- পুলির এলাইনমেন্ট ঠিক আছে কিনা চেক করুন।

ধাপ ৮- পাইপে কোনো লিকেজ আছে কিনা তা চেক করুন।

ধাপ ৯- পাইপে কোনো ড্যামেজ আছে কিনা তা চেক করুন।

ধাপ ১০- পাইপের কানেকশন লুজ আছে কিনা চেক করুন।

ধাপ ১১- পাইপে মরিচা বা রাস্ট আছে কিনা তা চেক করুন।

ধাপ ১২- স্টিয়ারিং পাইপের জয়েন্ট এ কোনো লিক আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৩- স্টিয়ারিং পাইপের জয়েন্ট এ কোনো ড্যামেজ আছে কিনা তা চেক করুন

ধাপ ১৪- টাই রডের রাবাট বুট এ কোনো লিকেজ, ড্যামেজ, ক্র্যাক আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৫- টাই রড লুজ বা অত্যাধিক প্লে আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৬- টাই রডে কোনো স্ক্রয়, ড্যামেজ, ক্র্যাক, বেন্ড আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৭- স্টিয়ারিং এর প্রত্যেকটি কানেকশন এ লিক আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৮- স্টিয়ারিং কানেকশন সমূহতে কোনো বেন্ড, ড্যামেজ আছে কিনা চেক করুন।

ধাপ ১৯- প্রয়োজনীয় কানেকশন সমূহতে পর্যাপ্ত লুব্রিকেশন করা আছে কিনা তা চেক করুন।

ধাপ ২০- বেল্ট লুজ আছে কিনা তা চেক করুন।

ধাপ ২১- বেল্ট এ কোনো ড্যামেজ বা ক্র্যাক আছে কিনা তা চেক করুন।

ধাপ ২২- স্টিয়ারিং রেক এর রাবার বুট সমূহ চেক করুন কোনো লিকেজ বা ড্যামেজ আছে কিনা ।

ধাপ ২৩- স্টিয়ারিং ফ্লুইড লিক হচ্ছে কিনা তা চেক করুন।

ধাপ ২৪- স্টিয়ারিং রেক এর উপর কোনো ড্যামেজ বা ক্র্যাক আছে কিনা তা চেক করুন।

ধাপ ২৫- ফ্লুইড লেভেল ইঞ্জিন হট ও কোল্ড কন্ডিশনে মিনিমাম ও মেক্সিমাম লেভেলের মাঝামাঝি আছে কিনা চেক করুন।

ধাপ ২৬- সকল পর্যবেক্ষণ লিপিবদ্ধ করে রাখুন।

ধাপ ২৭- মালামাল ও ওয়ার্কপ্লেস গুছিয়ে রাখুন।

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৩: পাওয়ার স্ট্রয়ারিং সিস্টেমের ত্রুটি নির্ণয় করা**

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রম	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	গাড়ি	ট্রেনিং কার	সংখ্যা	০১
২	সকেট রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৩	কম্পিনেশন রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৪	অয়েল ক্যান	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৫	টুল বক্স	স্ট্যান্ডার্ড	সেট	০১
৬	ওবিডি ২ স্ক্যানার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ

ক্রম	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
৪	কেরোসিন	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
৫	লুব্রিকেটিং অয়েল	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
৬	গ্যাসকেট পেপার	কম্পোনেন্টের স্পেসিফিকেশন অনুযায়ী	সংখ্যা	প্রয়োজন অনুযায়ী
৭	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড	কেজি	প্রয়োজন অনুযায়ী

যে সকল কম্পোনেন্ট পরীক্ষা করতে হবেঃ পাওয়ার স্ট্রয়ারিং পাম্প, পাইপ, জয়েন্ট, টাই রড এন্ড, কানেকশন, বেল্ট, স্ট্রয়ারিং র‍্যাক ও হাইড্রোলিক পাওয়ার স্ট্রয়ারিং বক্সের ফ্লুয়িড লেভেল।

**জব-শিট (Job Sheet)-১.৪: স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করা।**

**উদ্দেশ্য:** স্টিয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, ইপিএস মডিউল, ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করতে পারবে।

**কাজের ধারাবাহিকতা:**

ধাপ ১- কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান করুন।

ধাপ ২- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন।

ধাপ ৩- গাড়িটি নিরাপদ স্থানে পার্ক করে পার্কিং ব্রেক দিয়ে রাখুন।

ধাপ ৪- ওয়্যারিং এর সকল কানেক্টর ও হার্নেস লুজ কানেকশন আছে কিনা তা চেক করুন।

ধাপ ৫- ওয়্যারিং টেস্ট করার পূর্বে নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাটারী কানেকশন খুলে দিন।

ধাপ-৬- ওয়্যারিং নিয়ে কাজ করার সময় অবশ্যই নির্ধারিত ওয়্যারিং ডায়াগ্রাম সাথে রাখুন।

ধাপ ৭- মাল্টিমিটারে কন্টিনিউটি মোড এ সেট করুন এবং ওয়্যারিং এর কন্টিনিউটি চেক করুন, কোথাও শর্ট সার্কিট হয়েছে কিনা তা চেক করুন।

ধাপ ৮- প্রত্যেকটি কানেক্টর ঠিক আছে কিনা তা চেক করুন, কানেক্টরে ওয়্যার ঠিকভাবে লাগানো আছেন কিনা তা চেক করুন।

ধাপ ৯- ই.পি. এস সিস্টেমের সেন্সর যেমন এঞ্জেল /টর্ক সেন্সর টেস্ট করুন, সেন্সর এর আউটপুট সঠিক আছে কিনা তা চেক করুন।

ধাপ ১০- ই.পি. এস সিস্টেমের প্রত্যেকটি কম্পোনেন্ট পর্যাপ্ত পাওয়ার সাপ্লাই পাচ্ছে কিনা তা ভোল্টমিটার দ্বারা চেক করুন।

ধাপ ১১- ই.পি. এস সিস্টেমের ওয়্যারিং ভোল্টমিটারের সাহায্যে গ্রাউন্ড চেক করুন।

ধাপ ১২- ডায়গনোসিস টুলস এর সাহায্যে ডায়গনোসিস কোড রিড করে সমস্যা নির্ণয় করুন।

ধাপ ১৩-ই.পি.এস মডিউলের সকল কানেক্টর ও হার্নেস লুজ কানেকশন আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৪- ই.পি.এস মডিউলের উপর কোনো ড্যামেজ আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৫- ডায়গনোসিস টুলস এর সাহায্যে ই.পি.এস মডিউলের কোনো কমিউনিকেশন ফল্ট আছে কিনা তা চেক করুন, ই.পি.এস মডিউলের কোনো ফল্ট কোড আছে কিনা দেখুন।

ধাপ ১৬- ই.পি.এস মডিউলে পাওয়ার সাপ্লাই ঠিকমত হচ্ছে কিনা তা চেক করুন।

ধাপ ১৭- ই.পি.এস মডিউলের গ্রাউন্ড ঠিকমত হচ্ছে কিনা তা চেক করুন।

ধাপ ১৮- ই.পি.এস মোটরের ইলেক্ট্রিক্যাল লাইন সমূহ চেক করুন, লাইন বা কানেকশনে কোনো ড্যামেজ বা লুজ খ. কানেকশন আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৯- ডায়গনোস্টিক টুলস এর সাহায্যে ই.পি.এস মোটরের কোনো ফল্ট কোড আছে কিনা তা চেক করুন।

ধাপ ২০- ডায়গনোস্টিক টুলসের সাহায্যে মোটর এর একচুয়েটর টেস্টিং করুন।

ধাপ ২১- মোটর টেস্টিং এর সময় কোনো নয়েজ আসছে কিনা তা চেক করুন।

ধাপ ২২- পর্যবেক্ষণ সমূহ লিপিবদ্ধ করুন।

ধাপ ২৩- কাজ শেষ হলে সকল সরঞ্জাম পরিষ্কার এবং সংরক্ষণ করুন।

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৪: স্ট্রয়ারিং অ্যাসেম্বলি ওয়্যারিং, ইপিএস মডিউল,  
ইপিএস মোটর ও বৈদ্যুতিক সংযোগ চেক করা।**

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রম	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	গাড়ি	ট্রেনিং কার	সংখ্যা	০১
২	সকেট রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৩	কম্পিনেশন রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৪	অয়েল ক্যান	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৫	টুল বক্স	স্ট্যান্ডার্ড	সেট	০১
৬	মাল্টিমিটার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৭	ওবিডি ২ স্ক্যানার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ

ক্রম	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	কেরোসিন	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
২	লুব্রিকেটিং অয়েল	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
৩	গ্যাসকেট পেপার	কম্পোনেন্টের স্পেসিফিকেশন অনুযায়ী	সংখ্যা	প্রয়োজন অনুযায়ী
৪	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড	কেজি	প্রয়োজন অনুযায়ী

## জব-শিট (Job Sheet)-১.৫: ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করা

**উদ্দেশ্য:** ইপিএস সংকেত এবং সেন্সর পরীক্ষা করতে পারবে।

### কাজের ধারাবাহিকতা:

ধাপ ১- কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান করুন।

ধাপ ২- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন।

ধাপ ৩- গাড়িটি নিরাপদ স্থানে পার্ক করে পার্কিং ব্রেক দিয়ে রাখুন।

ধাপ ৪- স্টিয়ারিং এঞ্জেল সেন্সর কানেকশন ঠিক আছে কিনা তা চেক করুন।

ধাপ ৫- টর্ক সেন্সরের কানেকশন ঠিক আছে কিনা তা চেক করুন।

ধাপ ৬- ভেহিকেল স্পিড সেন্সরের কানেকশন ঠিক আছে কিনা তা চেক করুন।

ধাপ ৭- ডায়গনস্টিক টুলসের সাহায্যে কোনো ফল্ট কোড আছে কিনা তা চেক করুন।

ধাপ ৮- ডায়গনস্টিক টুলসের লাইভ ডাটার সাহায্যে প্রত্যেকটা সেন্সর ঠিকমত ডাটা প্রদান করছে কিনা তা চেক করুন।

ধাপ ৯- সকল পর্যবেক্ষণ লিপিবদ্ধ করে রাখুন।

ধাপ ১১- কাজ শেষ হলে সকল সরঞ্জাম পরিষ্কার এবং সংরক্ষণ করুন।

ধাপ ১২- ওয়ার্কপ্লেস পরীক্ষার করে রাখুন।

স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৫: ইপিএস সংকেত এবং সেক্সর পরীক্ষা করা।

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	ষ্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	ষ্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	ষ্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	ষ্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	ষ্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রন	ষ্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রম	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	গাড়ি	ষ্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
২	সকেট রেঞ্জ সেট	ষ্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৩	কম্পিনেশন রেঞ্জ সেট	ষ্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৪	অয়েল ক্যান	ষ্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৫	টুল বক্স	ষ্ট্যান্ডার্ড	সেট	০১
৬	ওবিডি ২ স্ক্যানার	ষ্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ

ক্রম	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	কেরোসিন	ষ্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
২	লুব্রিকেটিং অয়েল	ষ্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
৩	গ্যাসকেট পেপার	কম্পোনেন্টের স্পেসিফিকেশন অনুযায়ী	সংখ্যা	প্রয়োজন অনুযায়ী
৪	ওয়েস্ট কটন	ষ্ট্যান্ডার্ড	কেজি	প্রয়োজন অনুযায়ী

## জব-শিট (Job Sheet)-১.৬: মাউন্টিং নাট ও বোল্ট, র‍্যাক বুট কভার, স্টিয়ারিং কলাম ও মোটর চেক করা।

**উদ্দেশ্য:** মাউন্টিং নাট ও বোল্ট, র‍্যাক বুট কভার, স্টিয়ারিং কলাম ও মোটর চেক করতে পারবে।

### কাজের ধারাবাহিকতা:

ধাপ ১- কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান করুন।

ধাপ ২- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন।

ধাপ ৪- গাড়িকে একটি নিরাপদ স্থানে পার্ক করুন।

ধাপ ৫-ইঞ্জিন ও ইগনিশন অফ করুন।

ধাপ ৬-ইঞ্জিন অফ করার পর অন্তত পক্ষে ১৫ হতে ২০ মিনিট সময় দিন যাতে গাড়ির কম্পোনেন্ট সমূহ সহনীয় তাপমাত্রায় চলে আসে।

ধাপ ৭- ইলেক্ট্রনিক পাওয়ার স্টিয়ারিং সিস্টেমের কম্পোনেন্ট সমূহ ইলেক্ট্রনিক কন্ট্রোল ইউনিট, ইলেক্ট্রিক মোটর, বিভিন্ন লিংকেজ, টাই রড এর কানেকশন পয়েন্ট ইত্যাদির নাট ও বোল্ট সমূহ চেক করুন।

ধাপ ৮-রেঞ্চ ব্যবহার করে প্রত্যেকটি নাট ও বোল্ট ভালোভাবে চেক করুন, কোনো নাট বোল্ট লুজ, ড্যামেজ অথবা মিসিং আছে কিনা চেক করুন।

ধাপ ৯-নির্দিষ্ট ম্যানুফ্যাকচারার এর নির্দেশনা অনুযায়ী প্রত্যেকটি নাট বোল্ট টর্ক রেঞ্চ দ্বারা নির্দিষ্ট টাইটেনিং টর্কে টাইট করুন।

ধাপ ১০-গাড়িকে লিফট বা হাইড্রোলিক জ্যাক ব্যবহার করে উচু করুন।

ধাপ ১১-স্টিয়ারিং রেক এর বুট কভার এর এরিয়া চেক করুন কোনো ফাটা, ড্যামেজ, ক্র্যাক আছে কিনা।

ধাপ ১২-বুটের অভ্যন্তরে সঠিকভাবে গ্রিজিং করা আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৩-বুট সঠিক ভাবে লাগানো আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৪-ড্রাইভারের সিটে বসে স্টিয়ারিং হুইল এর লুজনেস, অতিরিক্ত সাইড প্লে, সুখ টার্নিং আছে কিনা চেক করুন।

ধাপ ১৫-হুড খুলে স্টিয়ারিং কলাম এর অবস্থান খুঁজে বের করুন।

ধাপ ১৬-স্টিয়ারিং কলাম ও স্টিয়ারিং রেক ও স্টিয়ারিং গিয়ার বক্স এর সংযোগ স্থলের এরিয়া ভালোভাবে চেক করুন কোনো ড্যামেজ, লিক, ক্র্যাক আছে কিনা।

ধাপ ১৭-স্টিয়ারিং শ্যাফট এ কোনো ড্যামেজ, রাস্ট আছে কিনা তা চেক করুন। ভালোভাবে স্টিয়ারিং শ্যাফট এর ইউনিভার্সাল জয়েন্ট সমূহে কোনো ক্ষয় আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৮-ইলেক্ট্রিক মোটরের গায়ে কোনো ড্যামেজ, ক্র্যাক আছে কিনা তা চেক করুন।

ধাপ ১৯-স্টিয়ারিং ঘুরিয়ে চেক করুন কোনো অযাচিত শব্দ বা নয়েজ আছে কিনা।

ধাপ ২০-ডায়গোনিসিস টুলস এর সাহায্যে কোনো ফল্ট কোড আছে কিনা তা চেক করুন।

ধাপ ২১-সকল পর্যবেক্ষণ লিপিবদ্ধ করুন।

ধাপ ২২- কাজ শেষ হলে সকল সরঞ্জাম পরিষ্কার এবং সংরক্ষণ করুন।

ধাপ ২৩-ওয়ার্কপ্লেস পরীক্ষার করে রাখুন।

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-১.৬: মাউন্টিং নাট ও বোল্ট, র‍্যাক বুট কভার চেক করা ।**

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	অ্যাপ্রন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রম	টুলস এবং ইকুইপমেন্টস	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	গাড়ি	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
২	সকেট রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৩	কম্পিনেশন রেঞ্জ সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৪	অয়েল ক্যান	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৫	টুল বক্স	স্ট্যান্ডার্ড	সেট	০১
৬	ওবিডি ২ স্ক্যানার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ

ক্রম	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	কেরোসিন	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
২	লুব্রিকেটিং অয়েল	স্ট্যান্ডার্ড	লিঃ	প্রয়োজন অনুযায়ী
৩	গ্যাসকেট পেপার	কম্পোনেন্টের স্পেসিফিকেশন অনুযায়ী	সংখ্যা	প্রয়োজন অনুযায়ী
৪	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড	কেজি	প্রয়োজন অনুযায়ী

## জব-শিট (Job Sheet)-১.৭: (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করা।

**উদ্দেশ্য:** (হাইব্রিড ভেহিকেল) HV স্টিয়ারিং র‍্যাক ও মোটর চেক করতে পারবে।

**কাজের ধারাবাহিকতা:**

- ধাপ ১- কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান করুন।
- ধাপ ২- প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করুন।
- ধাপ ৩- গাড়িটি নিরাপদ স্থানে পার্ক করে পার্কিং ব্রেক দিয়ে রাখুন।
- ধাপ ৪- পাওয়ার স্টিয়ারিং রেকে কোন ফ্লুইডে লিক আছে কিনা দেখুন।
- ধাপ ৫- ইঞ্জিন চালু অবস্থায় স্টিয়ারিং হইল ডানে ও বামে ঘুরিয়ে ফ্রি প্লে, লুজনেস চেক করুন।
- ধাপ-৬- বাজে শব্দ এবং নয়েজ হচ্ছে কিনা চেক করুন।
- ধাপ ৭- মোটরের সংযোগ চেক করুন।
- ধাপ ৮- কোন অ্যালার্ম লাইট জলে আছে কিনা দেখুন।
- ধাপ ৯- টেস্ট ড্রাইভের সাহায্যে মোটরের কার্যকারিতা দেখুন।
